তারিখ ... 26 JAN 2016 ...
কলাম

দৈনিক
ইত্তেফাক

# ফুলগাজীর নির্যাতিতা স্কুল ছাত্রীকে ক্লাসে বসিয়ে এলেন সংসদ সদস্য

■ পরশুরাম (ফেনী) সংবাদদাতা

ফেনীর ফুলগাজীতে নির্যাতনের শিকার স্কুলছাত্রীকে শ্রেণিকক্ষে নিয়ে গেলেন ফেনী-১ আসনের সংসদ সদস্য শিরীন আখতার। তিনি সোমবার সকালে ফুলগাজী উপজেলার আমজাদহাট ইউনিয়নের মনিপুর গ্রামে নির্যাতিত মেয়েটির বাড়িতে গিয়ে তার পরিবার, আত্মীয়স্বজন ও এলাকাবাসীর সাথে কথা বলেন। পরে তিনি মেয়েটিকে নিয়ে জাফর ইমাম উচ্চ বিদ্যালয়ের শ্রেণিকক্ষে নিয়ে এসে সহপাঠিদের সাথে লেখাপড়া করার সুযোগ করে দেন।

এসময় তিনি শিক্ষক ও শিক্ষার্থীদের মেয়েটির সাথে ভালো ব্যবহার করার পরামর্শ দিয়ে বলেন, মেয়েটি কোন অপরাধ করেনি। বরং তার সাথে যে খারাপ আচরণ ও অপরাধ করেছে আমরা সেই নির্যাতনকারীকে ঘৃণা করবো।

জানা যায়, গত ১৪ ডিসেম্বর পরীক্ষা শেষে বাড়ি যাওয়ার পথে ফেনাপুস্করিনী গ্রামের মৃত জমিদার মিয়ার ছেলে আবুল বশর, ছাগলনাইয়া উপজেলার পশ্চিম দেবপুর গ্রামের মৃত চবু মিয়ার বলির ছেলে ছোট্টু মিয়াসহ অন্যরা ওই ছাত্রীকে মাইক্রোবাসে তুলে এনে ছাগলনাইয়া পৌরসভার জমদ্দার বাজারের পাটোয়ারী প্লাজায় নার্গিসের কথিত থেরাপি সেন্টারে নিয়ে আসে।

এরপর অপহৃতার মায়ের কাছে ৩ লাখ টাকা মুক্তিপণ দাবি করা হয়। এভাবে ২০ দিন ধরে বশর বাহিনী ওই ছাত্রীকে ধর্ষণ করে।